



Bodystretch Bangladesh Ltd.



Employment Policy & Procedure of Ethnic/Minority/Partial disable Worker

সংখ্যালঘু/আংশিক প্রতিবন্ধী কর্মসংস্থান নীতিমালা এবং পদ্ধতি :

নীতিমালা প্রনয়ণের উদ্দেশ্যে (Objectives of the policy) :

বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ যোগ্যতা, দক্ষতার ভিত্তিতে ধর্ম, বর্ণ নির্বিশেষে বৈষম্যহীন নিয়োগ পদ্ধতিতে বৃদ্ধি পরিকর। মানবাধিকার প্রতিষ্ঠার এ যুগে তাই গুরুত্বপূর্ণ এ শিল্প কারখানায় যাতে মানবাধিকারের কোন লঙ্ঘন না হয় সেদিকে বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ সর্বদা স্বেচ্ছ।

বডিস্ট্রেচ বাংলাদেশ লি. বিশ্বাস করেন সুন্দর, সাবলম্বী সমাজ ব্যবস্থা গঠনে এবং দেশের অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে, সমাজের অবহেলিত/ সংখ্যা লঘিষ্ঠ শ্রেণী, আংশিক প্রতিবন্ধী, উপজাতি, আদিবাসী, হিজড়া সম্প্রদায় সমান গুরুত্বপূর্ণ। প্রশিক্ষণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে তাদেরকে মূল্যবান মানবসম্পদে পরিণত করা সম্ভব।

সেই লক্ষ্যে বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ একটি নীতিমালা প্রনয়ন করেছে।

নীতিমালার পরিসর (Scope of the Policy) বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ সমাজের বিশেষ শ্রেণী- সংখ্যালঘু, দুস্থ, আংশিক প্রতিবন্ধী/বিকলাঙ্গ যেমন-বোবা, বধীর, ক্ষীণদৃষ্টিসম্পন্ন/এক চোখ নষ্ট, আংশিক অক্ষম- এক হাত/পা অক্ষম, হিজড়া, এসিড দগ্ধ মানুষদের প্রয়োজনীয় প্রশিক্ষণে সহযোগিতাসহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সদা সচেষ্ট।

বাংলাদেশ একটি বহুজাতিক রাষ্ট্র যেখানে জাতিগত ভেদাভেদ বিরাজমান বাংলাদেশের একটি বৃহৎ অংশ জুড়ে রয়েছে উপজাতি এবং আদিবাসী যেমনঃ চাকমা, মারমা, শাওতাল, গারো, রাখাইন, ইত্যাদি যারা জাতিগত ভাবে এখনো পিছিয়ে রয়েছে। বডিস্ট্রেচ নিয়োগের ক্ষেত্রে কোনরূপ বৈষম্য করে না।

বাস্তবায়ন(Implementation) : বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ এই নীতি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ, প্রচারণা এবং উৎসাহ প্রদান সহ আর্থিক সহযোগিতা প্রদান করতে বৃদ্ধি পরিকর। এই নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে বডিস্ট্রেচ বাংলাদেশ লিঃ শহীদ শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী সহ বিভিন্ন সমাজকল্যানমূলক সংগঠনের সাথে একযোগে কাজ করে যাচ্ছে। শহীদ শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী হইতে প্রশিক্ষণপ্রাপ্ত সংখ্যালঘু / আংশিক প্রতিবন্ধীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে সমাজের কল্যাণে বিশেষ অবদান রাখছে।

| | | | |
|------------------|----------|----------------------|----------|
| অনুমোদনের তারিখ: | ৫/২/২০১৩ | নবায়নের তারিখ : | ১/১/২০১৭ |
| রিভিশন নং: | ০১ | বাস্তবায়নের তারিখ : | ৫/২/২০১৩ |



Head Office: 4-A&B (4th floor) Plot # 30 Sonargaon Janapath Road, Sector # 11, Uttara, Dhaka-1230, Bangladesh.

Tel : +8802- 7914412, +8802-8991729, Fax : +8802-8991029

Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O.: BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh

E-mail : bangladesh@bodystretch.com http : //www.bodystretch.com



